কালের কণ্ঠ

তারিখ . . . 06 SEP 2015...
পৃষ্ঠা ...১৮... কলাম.... ২ ......

# শিবপুরে পিপলস ইউনিভার্সিটির স্থায়ী ক্যাম্পাস

নিজস্ব প্রতিবেদক, নরসিংদী ▷

নরসিংদীর শিবপুরে সৃষ্টিগড়ের পাহাড়িয়া এলাকায় দ্য পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশের স্থায়ী ক্যাম্পাস উদ্বোধন ও একাডেমিক এবং প্রশাসনিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। শনিবার সকালে বিশিষ্ট শিক্ষাবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান প্রধান অতিথি হিসেবে ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

দ্য পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশের ট্রাস্টি বোর্ডের সভাপতি ও শিবপুরের সংসদ সদস্য সিরাজুল ইসলাম মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন, দ্য পিপলস ইউনিভার্সিটির উপাচার্য আব্দুল মান্নান চৌধুরী, ইউনিভার্সিটি ট্রাস্টি বোর্ডের সহসভাপতি ডা. মিনহাজ উদ্দিন, নরসিংদী জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট আসাদুজ্জামান, আব্দুল কাদির মোল্লা সিটি কলেজের অধ্যক্ষ ড. মশিউর রহমান মৃধা, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রেহান উদ্দিন, শিবপুর শহীদ আসাদ কলেজের সাবেক অধ্যক্ষ নুরুল ইসলাম, শিবপুর শহীদ আসাদ গার্লস স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ আবুল হারিজ রিকাবদার, উপজেলা নির্বাহী কর্মকর্তা আশরাফুল আফসার প্রমুখ।

এ সময় অধ্যাপক আনিসুজ্জামান প্রয়াত অধ্যাপক আব্দুল মান্নান, শহীদ আসাদ এবং মুক্তি সংগ্রামে শিবপুরের গণজাগরণের কথা স্মরণ করে বলেন, এখানে একটি বিশ্ববিদ্যালয় হচ্ছে, এটা খুবই আনন্দের ব্যাপার। সব সমস্যা সমাধান করে সবার আন্তরিক প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান।

অধ্যাপক আনিসুজ্জামান আরো বলেন, বিশ্ববিদ্যালয় কেবল শিক্ষাদানের জায়গা নয়। বিশ্ববিদ্যালয় নতুন জ্ঞান সৃষ্টির ক্ষেত্র। যে জ্ঞান ছাত্রদের শিক্ষাদানের পাশাপাশি সমগ্র মানব সমাজকে উপকৃত করবে।